**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
বিরল, দিনাজপুর।
uaobiroldae@gmail.com

স্মারক নং-১২.১৮.২৭১৭.০৩৯.৯৯.০০১.২৫./ ১৩

তারিখ : ১৮ পৌষ/১৪৩১ বঙ্গাব্দ
০২ জানুয়ারী/২০২৫ খ্রিস্টাব্দ

প্রতি,

| | | |
|---|---|---|
| ০১। | জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর | সভাপতি |
| ০২। | চেয়ারম্যান ১০ নং রানীপুকুর ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য |
| ০৩। | চেয়ারম্যান ০৫ নং বিরল ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য |
| ০৪। | চেয়ারম্যান ০৬ নং ভান্ডারা ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য |
| ০৫। | মহিলা সদস্য সংরক্ষিত ০২ নং ওয়ার্ড ০৯ নং মঙ্গলপুর, ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য |
| ০৬। | জনাব মোস্তফা হাসান ইমাম, উপজেলা কৃষি অফিসার, বিরল, দিনাজপুর | সদস্য-সচিব |

বিষয় : উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় অংশ গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা কৃষি ও সেচ কমিটির সভা আগামী ০৬ জানুয়ারী ২০২৫ খ্রি রোজ সোমবার সকাল ১১: ০০ ঘটিকার সময় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিরল, দিনাজপুর এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

02/01/25

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
বিরল, দিনাজপুর।

02/01/25

# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

তারিখঃ ০৬/০১/২০২৫
সময়ঃ সকাল-১১.০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার বিরল, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, ১০ নং রানীপুকুর ইউনিয়ন পরিষদ। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৩নং ধামইর ইউনিয়ন পরিষদ। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, ৯নং মঙ্গলপুর ইউনিয়ন পরিষদ। | সদস্য | |
| ০৫ | সংরক্ষিত ৩নং ওয়ার্ড, ৫নং বিরল ইউনিয়ন পরিষদ। | সদস্য | |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরল, দিনাজপুর। | সদস্য সচিব | |

উপজেলা পরিষদ কার্যালয়

## কৃষি ও সেচবিষয়ক স্থায়ী কমিটি, বিরল, দিনাজপুর এর জানুয়ারী/২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ০৬ জানুয়ারী/২৫খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষ

জনাব ইশতিয়াক আহমেদ
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার,বিরল, দিনাজপুর

সভায় উপস্থিত সদস্যের নাম ঃ

| ক্রঃ নং | নাম/পদবী ও ঠিকানা | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ইশতিয়াক আহমেদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | চেয়ারম্যান ১০ নং রানীপুকুর ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান ০৫ নং বিরল ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান ০৬ নং ভান্ডারা ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মহিলা সদস্য সংরক্ষিত ০২ নং ওয়ার্ড ০৯ নং মঙ্গলপুর, ইউনিয়ন পরিষদ, বিরল, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোস্তফা হাসান ইমাম, উপজেলা কৃষি অফিসার, বিরল, দিনাজপুর | সদস্য সচিব | স্বাক্ষরিত |

**এজেন্ডা সমূহ ঃ**

১. বোরো ধানের বীজ তলারপরিচর্যা বিষয়ে সচেতনা মূলক কর্মকান্ডপরিচালনা।
২. সরিষা ও গম কর্তণের ক্ষেত্রে পরিসংখ্যান বিভাগের উপস্থিতি
৩. ভূট্টার ফল আর্মিওয়ার্ম পোকা দমনে সমন্বিত প্রচষ্টা জোড়দার করন
৪. বিবিধ

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব ইশতিয়াক আহমেদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং কমিটির সদস্য সচিব জনাব মোস্তফা হাসান ইমামকে এজেন্ডা সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

**এজেন্ডা - ১ঃ** উপজেলা কৃষি অফিসার জনাব মোস্তফা হাসান ইমাম সভাকে জানান চলমান বোরো মৌসুমের জন্য বোরো বীজ তলার কার্যক্রম কৃষক/কৃষাণীগণ শুরু করেছেন। বোরোতে আধুনিক ও উচ্চফলনশীল জাতের সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয়েছে। বোরো ধানের বীজ রোপনের ক্ষেত্রেবীজ শোধন একান্ত প্রয়োজন। শুধুমাত্র বীজ শোধন এর মাধ্যমেই ২৫% রোগের প্রভাব থেকে ধানকে রক্ষা করা সম্ভব। বীজ শোধন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করলে কৃষক/কৃষাণীসহ সাধারন কৃষকগণ ও এর সুফল পাবেন।

**সিদ্ধান্ত ঃ** বর্তমান কৃষি বান্ধব সরকার যেহেতু কৃষকদের উন্নয়নে বদ্ধ পরিকর তাই কৃষির সকল ক্ষেত্রে আধুনি প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। এরই ধারাবাহিকতায় আমাদেরকে বীজ শোধনসহ অন্যান্য পরিচর্যায় সকল কৃষকভাই বোনদেরকে দক্ষ হতে হবে। বীজ শোধনের জন্য কেজি প্রতি বীজে মাত্র ২-৩ গ্রাম ছত্রাক নাশক ব্যবহারের পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**এজেন্ডা - ২ ঃ** সভার সদস্য সচিব জনাব মোস্তফা হাসান ইমাম সভায় উপস্থিত সকলে অবগতির জন্য জানান যে, সরিষা ও গম ফসলের কর্তণের জন্য পরিসংখ্যান বিভাগের কর্মকর্তাগণের উপস্থিতি প্রয়োজন কেননা দুইবিভাগের সমন্বিত স্বাক্ষরের মাধ্যমেই প্রাপ্ত ফলন নির্ধারণ করা হয়। বিভাগীয় অন্যান্য কাজের পাশাপাশি অবশ্যই নমুনা শস্য কর্তণে পরিসংখ্যান বিভাগের কর্মকর্তাগণের উপস্থিত থাকার জন্য গুরুত্তারোপ করা হয়।

**সিদ্ধান্তঃ** সভার সভাপতিসহ সকলেই কৃষি বিভাগের নমুনা শস্য কর্তণের জন্য অবশ্যই যেন পরিসংখ্যান বিভাগের কর্মকর্তাগণ উপস্থিত থাকেন সে ব্যাপারে ইতিবাচক মতামত প্রকাশ করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রেরিত নমুনা শস্য কর্তণ সিডিউল অনুসারে উক্ত অনুষ্ঠানে যোগদানের জন্য পরিসংখ্যান বিভাগের সাথে যোগাযোগের সিদ্ধান্তগৃহীত হয়।

**এজেন্ডা - ৩ঃ** সভায় বিদ্যমান ভূট্টাফসলের ফল আর্মিওয়ার্ম পোকার ওপর বিশেষ গুরুত্বারোপ করে কথা বলেন উপজেলা কৃষি অফিসার, বিরল, দিনাজপুর তিনি জানান এটিভূট্টা ফসলের জন্য অত্যান্ত ক্ষতিকর পোকা এবং ফলন শূণ্যতে নামিয়ে আনতে পারে। সুতরাং ভূট্টার ফল আর্মিওয়ার্ম পোকার ওপর বিশেষ নজর রাখার জন্য সকলকে এক যোগেক াজ করার জন্য পরামর্শ দেওয়া হয়।

**সিদ্ধান্তঃ** ভূট্টা যেহেতু এই এলাকার জন্য একটি অন্যতম অর্থকারী ফসল তাই এই ফসল ও ফসলের পোকা অর্থাৎ ফল আর্মিওয়ার্ম পোকার দমনের জন্য সকলের সমন্বিত প্রয়াস থাকবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার সভাপতি জনাব ইশতিয়াক আহমেদ কমিটির সদস্যগণকে অভিনন্দন জানান। প্রযুক্তি নির্ভর কৃষিতে সকলকে যথাযথ ভাবে দায়িত্ব পালন করার জন্য এবং সর্বদা তাদের কাজ সম্পর্কে অবগত করার জন্য ও জানান। আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইশতিয়াক আহমেদ)
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

স্মারক নং-

তারিখঃ ২২ পৌষ/১৪৩১ বঙ্গাব্দ
০৬ জানুয়ারী/২০২৫খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. প্রশাসক, উপজেলাপরিষদ, বিরল, দিনাজপুর
২. উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর
৩. ভাইস চেয়ারম্যান (পুরুষ/ মহিলা) উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর
৪. জনাব.......................................................................সদস্য, কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি, বিরল, দিনাজপুর
৫. অফিস কপি

০৬/০১/২৫
(মোস্তফাহাসানইমাম)
সদস্য সচিব
কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
বিরল, দিনাজপুর।